

## কাতারের মহামহিম আমিরের ভারত সফর (17-18 ফেব্রুয়ারি, 2025)

15 ফেব্রুয়ারি, 2025

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর আমন্ত্রণে, কাতারের আমির মহামহিম শেখ তামিম বিন হামাদ আল-থানি 2025 সালের 17-18 ফেব্রুয়ারি ভারত সফরে আসবেন। তাঁর সাথে থাকবেন মন্ত্রী, উর্ধ্বতন কর্মকর্তা এবং ব্যবসায়ী প্রতিনিধিদের একটি দল-সহ একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধিদল। এটি কাতারের মহামহিম আমিরের দ্বিতীয় ভারত সফর। মহামহিম এর আগে 2015 সালের মার্চ মাসে ভারত সফরে এসেছিলেন।

2. 18 ফেব্রুয়ারি, 2025 তারিখে কাতারের মহামহিম আমিরকে রাষ্ট্রপতি ভবনের প্রাঙ্গণে আনুষ্ঠানিকভাবে স্বাগত জানানো হবে। এই সফরে এসে মহামহিম আমির মাননীয় রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মুর সাথে বৈঠক করবেন, যিনি বিদেশি অতিথির সম্মানে একটি ভোজসভার আয়োজন করবেন। মহামহিম আমির প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সাথে দ্বিপাক্ষিক সম্পর্কের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করবেন।

3. ভারত ও কাতারের মধ্যে বন্ধুত্ব, বিশ্বাস এবং পারস্পরিক সম্মানের গভীর ঐতিহাসিক বন্ধন রয়েছে। সাম্প্রতিক বছরে বাণিজ্য, বিনিয়োগ, জ্বালানি, প্রযুক্তি, সংস্কৃতি এবং জন-সংযোগ সম্পর্কের ক্ষেত্রে দুই দেশের মধ্যে সম্পর্ক আরও শক্তিশালী হয়েছে। কাতারে বসবাসকারী ভারতীয় সম্প্রদায় কাতারের বৃহত্তম প্রবাসী সম্প্রদায়ে পরিণত হয়েছে এবং কাতারের অগ্রগতি ও উন্নয়নে তাদের ইতিবাচক অবদানের জন্য প্রশংসিত হয়েছে। মহামহিম আমিরের এই সফর আমাদের ক্রমবর্ধমান বহুমুখী অংশীদারিত্বকে আরও গতিশীল করবে।

নয়া দিল্লি

15 ফেব্রুয়ারি, 2025